# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 FEBRUARY 2025 7:45—7:55**

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ১৪ ফেব্রুয়ারী একগুচ্ছ কার্যসূচি নিয়ে আসাম সফর ।

২) মেঘালয়ের তাসকুর সুটাঙ্গায় আজ একটি কয়লা খনিতে সংঘটিত এক ভয়াবহ বিস্ফোরণে কাছাড় জেলার ৫ জন সহ মোট ১০ জন শ্রমিক নিহত ।

৩) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে আসাম রাজ্য বি জে পি-র আজ থেকে রাজ্যব্যাপী বুথ বিজয় আভিযান আরম্ভ । ভারতীয় নির্বাচন কমিশনের আজ নতুন দিল্লীতে আসাম সহ অন্যান্য কয়েকটি রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক নিযুক্তি সম্পর্কে বৈঠক ।

এবং

৪) বরাক উপত্যকার তিন জেলায় আজ থেকে ই ভি এম প্রদর্শনী কেন্দ্র ও ই ভিএম মোবাইল প্রদর্শনী ভ্যানের মাধ্যমে ভোটার সতচতনতা অভিযান শুরু ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ ফেব্রুয়ারী একগুচ্ছ কার্যসূচি নিয়ে আসাম সফরে আসছেন । শ্রী মোদী ওইদিন প্রথম গৌহাটি এবং উত্তর গৌহাটি সংযোগী কুমার ভাস্কর বর্মা সেতুর উদ্বোধন করবেন । এরপর , প্রধানমন্ত্রী পলাশবাড়িতে ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান ( আই আই এম )-এর অস্থায়ী প্রাঙ্গনের শুভারম্ভ করবেন । একই সঙ্গে তিনি গৌহাটি মহানগরের জন্য ১শোটি বৈদ্যুতিক বাসের সূচনা করবেন । গৌহাটি থেকে প্রধানমন্ত্রী ডিব্রুগড় জেলার মরাণে যাবেন । সেখানে তিনি সুরক্ষা এবং জরুরীকালীন ব্যবস্থাপনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে মরানে নির্মীত জরুরীকালীন বিমান

অবতরণ রানওয়ে (ই এল এফ )-এর আনুষ্ঠানিক উদ্বোধন করবেন । মরাণের চারলেনযুক্ত জাতীয় মহাসড়কের রচী ময়দানে ৪ দশমিক ২ কিলোমিটার অংশে এই অত্যাধুনিক রানওয়ে নির্মান করা হয়েছে । যুদ্ধকালীন পরিস্থিতি , প্রাকৃতিক দুর্যোগ অথবা জরুরী অবস্থায় এই জাতীয় মহাসড়ককে তাৎক্ষণিকভাবে বিমান বন্দরে রুপান্তর করা যাবে । উদ্বোধনের পর মরাণের আকাশে বায়ুসেনার শক্তিশালী যুদ্ধ বিমানগুলি উরাণ কৌশল প্রদর্শন করবে । রাফেল , সুখই , মিগ , তেজস , হার্কিউলিস এবং এ এন থার্টি-টু বিমানের উরাণ অবতরণের সামরিক কৌশলও প্রদর্শন করা হবে ।

-----------------------------------------------------------------------------------

লোকসভায় আজ ধ্বনি ভোটের মাধ্যমে সংসদের যৌথ সভার উদ্দেশ্যে গত ২৮ জানুয়ারী রাষ্ট্রপতি প্রদত্ত ভাষণের ধন্যবাদ সূচক প্রস্তাব গ্রহণ করা হয় । কেন্দ্রীয় মন্ত্রী তথা বি জে পি সাংসদ সর্বানন্দ সনোয়ালের উত্থাপন করা এই প্রস্তাব বি জে পি সাংসদ তেজস্বী সুরাইয়া সমর্থন করেন । প্রথমবার স্থগিত রাখার পর বেলা ১২টায় সভা পুনরায় মিলিত হওয়ার সময় লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা রাষ্ট্রপতির ভাষণের ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে আলোচনা করার অনুমতি প্রদান করেন । শ্রী বিড়লা এই ধন্যবাদ সূচক প্রস্তাব নিয়ে বিরোধী দলের কয়েকজন সাংসদের উত্থাপন করা সংশোধনী সম্পর্কে ভোটদানের আহ্বান জানালেও সভা এর বিরোধীতা করে । বিরোধী সাংসদদের সৃষ্টি করা হুলুস্থুল পরিস্থিতির মধ্যে লোকসভায় আজ ধন্যবাদ সূচক প্রস্তাব গ্রহণ করা হয় । শ্রী বিড়লা বলেন যে নিম্ন কক্ষে এখন ২০২৬-২৭ অর্থ বছরের কেন্দ্রীয় বাজেট নিয়ে আলোচনা অনুষ্ঠিত হবে এবং প্রত্যেক সদস্যই এতে অংশ গ্রহণ করার সুযোগ পাবেন । এরপর , বিরোধী দলের সাংসদরা হুলুস্থুল পরিস্থিতি অব্যাহত রাখায় অধ্যক্ষ সভার কাজকর্ম বেলা ২টো পর্যন্ত স্থগিত ঘোষণা করেন ।

-----------------------------------------------------------------------------------

মেঘালয়ের তাসকুর সুটাঙ্গায় আজ একটি কয়লা খনিতে সংঘটিত এক ভয়াবহ বিস্ফোরণে আসামের ১০ জন শ্রমিক প্রাণ হারিয়েছেন । নিহতদের মধ্যে ৫ জন শ্রমিক কাছাড় জেলার বাসিন্দা । নিহতদের বিস্তারিত তথ্য এখনও পাওয়া যায় নি । বিস্ফোরণের ফলে পাহাড়ের একটি অংশ ধ্বসে পড়ায় এই দুর্ঘটনা সংঘটিত হয় । ওই কয়লা খনিতে এখনও বেশ কয়েকজন শ্রমিক আবদ্ধ হয়ে রয়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে । উদ্ধারকারী একটি দল ইতিমধ্যেই ঘটনাস্থলের উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন । এদিকে , ধ্বসের ফলে উদ্ধার কার্য ব্যাহত হলেও স্থানীয় প্রশাসন , পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী যৌথভাবে উদ্ধার কাজ অব্যাহত রেখেছে বলে খবর পাওয়া গেছে । দূর্ঘটনার সঠিক কারণ এখনও স্পষ্ট নয় । তবে খনির ভিতরে গ্যাস জমে বিস্ফোরণ

সংঘটিত হতে পারে বলে প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে । প্রশাসনের পক্ষ থেকে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রতি লক্ষ্য রেখে আসাম রাজ্য বি জে পি আজ থেকে রাজব্যাপি বুথ বিজয় আভিযান আরম্ভ করেছে । বি জে পি রাজ্য সভাপতি দিলীপ শইকীয়া মঙ্গলদৈ বিধানসভা আসনের ১৫১ এবং ১৫২ নম্বর বুথ থেকে আনুষ্ঠানিভাবে এই অভিযান আরম্ভ করেন । আগামী ১১ ফেব্রয়ুয়ারী পর্যন্ত অব্যাহত থাকা এই অভিযানে ২৬ হাজারেরও অধিক বুথকে অর্ন্তভুক্ত করা হয়েছে । এই অভিযানের অধীনে বুথ কর্মীদের সাংগঠনিক কাজকর্ম আরো শক্তিশালী করে তুলতে শ্রী শইকীয়া আহ্বান জানান । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ জালুকবারী আসনের অধীন আজরার ৩২ নম্বর বুথে বিজয় অভিযানে অংশ গ্রহণ করেন ।

------------------------------------------------------------------------------------

এদিকে ভারতীয় নির্বাচন কমিশন আজ নতুন দিল্লীতে আসাম সহ , কেরালা , পদুচেরী , তামিলনাড়ু ও পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য কেন্দ্রীয় পর্যবেক্ষক নিযুক্তি সম্পর্কে এক বৈঠকে মিলিত হয় । বৈঠকে ৭শো ১৪ জন পর্যবেক্ষক , ২শো ৩৩ জন পুলিশ পর্যবেক্ষক এবং ৪শো ৯৭ জন হিসাব পর্যবেক্ষক সহ মোট ১ হাজার ৪শো ৪৪ জন আধিকারিক অংশ গ্রহণ করেন ।

------------------------------------------------------------------------------------

ভারত টেক্সি জনসাধারণকে সহযোগিতার ভিত্তিতে ঐক্যবদ্ধ হতে এবং স্বল্প পুজি দিয়ে বৃহৎ কিছু শুরু করার মঞ্চ প্রদান করবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন । শ্রী শাহ আজ সামাজিক মাধ্যমযোগে এই তথ্য জানিয়ে বলেছেন যে ভারত টেক্সির মাধ্যমে জনসাধারণ শুধুমাত্র লাভবানই হবেন না , মর্যাদার সঙ্গে এর স্বত্বাধিকারীও হতে পারবেন । ভাড়া গাড়ীর চালকদের জন্য আজকের দিনটি একটি গুরুত্বপূর্ণ দিন বলে অভিহিত করে শ্রী শাহ বলেন যে সমবায় সমিতির প্রথম টেক্সি সেবা ভারত টেক্সির শুভারম্ভ আজ দিল্লী থেকে শুরু হবে ।

------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ,নাগালেন্ড সরকার এবং ইস্টার্ণ নাগালেন্ড পিপলস অর্গেনাইজেশন নাগালেন্ড সীমান্ত আঞ্চলিক কর্তৃপক্ষ গঠনের জন্য একটি চুক্তিতে স্বাক্ষর করেছে । কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে আজ নতুন দিল্লীতে এই চুক্তি স্বাক্ষরিত হয় । নাগালেন্ডের মুখ্যমন্ত্রী নেফিউরিও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন যে এটি নাগালেন্ডের জনসাধারণের জন্য ঐতিহাসিক মুহূর্ত

। তিনি বলেন যে সরকার এই চুক্তির মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গী অনুসারে সংঘর্ষমুক্ত ,হিংসামুক্ত এবং উন্নত উত্তর-পূর্বাঞ্চলের দিকে একধাপ এগিয়ে দিলো । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আধিকারিকদের প্রশংসা করে শ্রী শাহ বলেন যে তাঁরা ইস্টার্ণ নাগালেন্ড পিপলস অর্গেনাইজেশন এবং নাগালেন্ড সরকারের মধ্যে সেতু হিসেবে কাজ করে এই চুক্তি সম্ভব করে তুলেছে ।

---

সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও নির্বাচন কমিশনের নির্দেশে আজ থেকে ই ভি এম প্রদর্শন ও মোবাইল প্রদর্শন ভ্যানের মাধমে ভোটার সচেতনতা অভিযান শুরু হয়েছে ।

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে আজ ই ভি এম প্রদর্শন ও মোবাইল প্রদর্শন ভ্যানের মাধ্যমে ভোটার সচেতনতা অভিযান শুরু হয়েছে । জেলায় অবাধ , সুষ্ঠ ও স্বচ্ছ নির্বাচন পরিচালনার জন্য এই অভিযান শুরু করা হয়েছে।

জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারিক আয়ুষ গর্গ জনসাধারণদের সচেতনতা সক্রিয়ভাবে জড়িত থাকার আহ্বান জানিয়েছেন।

---

আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির লক্ষ্যে ই ভি এম প্রদর্শন কেন্দ্র এবং মোবাইল প্রদর্শন ভ্যানের মাধ্যমে শ্রীভূমি জেলায় ভোটার সচেতনতা অভিযান শুরু হয়েছে । আজ থেকে শুরু হওয়া এই কার্য্যসূচী নির্বাচনের আনুষ্টানিক ঘোষনা না হওয়া পর্য্যন্ত অব্যাহত থাকবে ।
মোবাইল প্রদর্শন ভ্যানের মাধ্যমে জেলার বাজার , থিয়েটার ও ভোট কেন্দ্রগুলিতে এই সচেতনতা অভিযান চালানো হবে । জেলার রাজনৈতিক দলগুলিকেও এই কার্যসূচী পর্য্যবেক্ষন করার জন্য আমন্ত্রন জানানো হয়েছে । জেলায় একটি অবাধ,সুষ্ঠ ও স্বচ্ছ নির্বাচন পরিচালনার জন্য এধরনের সচেতনতা অভিযান খুবই জরুরী বলে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলায়ও আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ই ভি এম সচেতনতা অভিযান আজ থেকে শুরু হয়েছে । এই অভিযানের অংশ হিসেবে ই ভি এম ডেমোনস্ট্রেশন সেন্টার ( ই ডি সি) এবং মোবাইল ডেমোনস্ট্রেশন ভ্যান ( এম ডি ভি ) ব্যাবহার করে জনসাধারণের মধ্যে ই ভি এম সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য প্রচার চালানো হবে

। জেলা নির্বাচন আধিকারিক অভিষেক জৈন জানিয়েছেন এই অভিযানের মাধ্যমে জনসাধারণের মধ্যে ই ভি এম ও ভি ভি পি এটি সম্পর্কে প্রশিক্ষণ ও সচেতনতা বৃদ্ধি করা হবে যাতে নির্বাচন সুষ্ঠু,স্বচ্ছ ও নিরপেক্ষ হয় । এই অভিযানে প্রতিদিন ডেমোনস্ট্রেশন শেষে ই ভি এম এবং ভি ভি পি এটিগুলি জেলা কমিশনারের কার্যালয় প্রাঙ্গণের ই ভি এম/ ভি ভি পি এটি ওয়ারহাউসে সংরক্ষণ করা হবে ।

---

উত্তর-পূর্বাঞ্চলের ব্যবসায়ী ,হস্তশিল্পী এবং মহিলা উদ্যোগীদের আমাজন কারিগর কার্যসূচীর মাধ্যমে আমাজন ডট ইনে হস্তনির্মিত সামগ্রীকে সুবিধা দিতে উত্তর-পূর্ব বাঁশ--বেত উন্নয়ন পরিষদের সঙ্গে অনলাইন গোষ্ঠীটি একটি চুক্তিতে স্বাক্ষর করেছে । উত্তর-পূর্ব উন্নয়ন দপ্তরের মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার উপস্থিতিতে এই চুক্তি স্বাক্ষর করা হয় । এই চুক্তির অংশ হিসেবে আমাজন বাঁশ-বেত উন্নয়ন পরিষদের সঙ্গে সহযোগীতা করে অঞ্চলটির হস্তশিল্পী ও মহিলা নেতৃত্বাধীন উদ্যোগগুলি শণাক্ত করে অনলাইন বাজারে নিয়ে যেতে সহায়তা করবে । উল্লেখ্য সম্প্রতি অনলাইন গোষ্ঠীটিতে ২ লক্ষেরও অধিক হস্তনির্মিত সামগ্রী পাওয়া যাচ্ছে । উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের ৫ হাজারেরও অধিক হস্তশিল্পী গৃহসজ্জার উপযুক্ত সামগ্রী ,জীবনশৈলী ব্যাক্তিগত আনুসঙ্গিক সামগ্রী,উপহারের সামগ্রী ছাড়াও বাঁশ থেকে উৎপাদিত বেশকিছু সামগ্রী এই ব্যবস্থায় অনলাইনে বিক্রয় করতে সক্ষম হবে ।

---

রাজ্যের পূর্ত, মৎস্য , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ শ্রীভূমি শহরের ১৪ নম্বর ওয়ার্ডে শম্ভু সাগর পার্কের সংস্কার ও পার্কের পুকুর সংস্কার কাজের ভিত্তি প্রস্তর স্থাপন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত সভায় বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রীপাল বলেন যে শ্রীভূমি শহরের সার্বিক উন্নয়ন ও প্রতিটি নাগরিকের কল্যানে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে । শহর উন্নয়নের প্রকল্পগুলি বাস্তবায়িত হলে , এলাকার সৌন্দর্য বৃদ্ধি পাওয়ার পাশাপাশি পরিবেশ সংরক্ষন ও জনসাধারনের সুবিধা আরো বাড়বে বলে মন্ত্রী শ্রীপাল আশা প্রকাশ করেন । অনুষ্ঠানে শ্রীভূমি জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিক , পৌরসভার সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব , পৌর সদস্য ডক্টর দেবতোষ পাল প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

শিশুদের নিরাপত্তা , অধিকার সংরক্ষন এবং সুস্থ ও মর্য্যাদাপূর্ন শৈশব নিশ্চিত করার উদ্দেশ্যে রাজ্য সরকারের গ্রহন করা সুরক্ষিত শৈশব-সোনালী অসম কার্য্যসূচীর অংশ হিসেবে আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি সচেতনতা সভা

অনুষ্ঠিত হয়েছে । ভারপ্রাপ্ত জেলা শিশু সুরক্ষা আধিকারীক অন্বেষা খেরসার পৌরহিত্যে আয়োজিত সভায় শিশুদের বিরুদ্ধে সংগঠিত বিভিন্ন অপরাধ , অবহেলা ও শোষনের ঘটনা প্রতিহত করতে শিশু সুরক্ষা সংক্রান্ত আইন ও নীতি প্রনয়ন নিয়ে আলোচনা করা হয় । এছাড়া আইন সম্মত পদ্ধতিতে শিশু দত্তক গ্রহন প্রক্রিয়া নিয়েও আলোচনা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়ানশিপ প্রতিযোগীতার প্রথম রাউন্ডের ফাইনালে প্রথম ইনিংস লিডের বিপরীতে বিজয়ী হয়েছে ব্লাড মাউথ ক্লাব । হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজ দ্বিতীয় দিনের খেলায় বিপক্ষ রাইজিং ইয়ং স্টার ক্লাব থেকে এগিয়ে থাকার ফলস্বরূপ ব্লাড মাউথ ক্লাব বিজয়ী হয়েছে । আজ ব্লাড মাউথ দলের হয়ে রাজজিৎ পাল চৌধুরী এবং মোহম্মদ আবু সালেহ চারটি করে উইকেট দখল করেন । ম্যাচের শেষে হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার সভাপতি গৌতম রায় বিজয়ী দলের হাতে পুরষ্কার তোলে দিয়েছেন । এ নিয়ে সপ্তমবার বিজয়ী হয়েছে ব্লাড মাউথ ক্লাব ।

---------------------------------------------------------------------------------------------